তারিখ ..21 SEP 2016...
পৃঃ 7 8 ... কলাম ... 6 ...

সংবাদ




## ইউজিসি চেয়ারম্যানের এমটিসি গ্লোবাল অ্যাওয়ার্ড গ্রহণ

সম্প্রতি অনুষ্ঠিত এমটিসি গ্লোবালের দুই দিনব্যাপী ৬ষ্ঠ বার্ষিক সম্মেলনে শিক্ষায় বিশেষ অবদানের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে এমটিসি গ্লোবাল রুশিকুমার পান্ডে লাইফ টাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয়। এমটিসি গ্লোবাল হচ্ছে ম্যানেজমেন্ট শিক্ষকদের একটি কনসোর্টিয়াম যা বিশ্বের ৩৫টি দেশে বিস্তৃত। অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানটি ইন্টারন্যাশনাল স্কুল অব ম্যানেজমেন্ট (আইএসএমই) ব্যাঙ্গালোর, ভারত-এ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. ভোলানাথ দত্ত, ফাউন্ডার এন্ড এএমপি, প্রেসিডেন্ট, এমটিসি গ্লোবাল। এ বছরের সম্মেলনের প্রতিপাদ্য বিষয় ছিল 'উরংৎঁঢ়ঃরাব ওহহড়াধঃরড়হ রহ উফঁপধঃরড়হ. ইউজিসি চেয়ারম্যান উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ভারত, বাংলাদেশ, যুক্তরাজ্য, সংযুক্ত আরব আমিরাত এবং সৌদি আরবের শতাধিক প্রতিনিধি সম্মেলনে অংশগ্রহণ করেন। সম্মেলনটি ১৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখে শেষ হয়। সংবাদ বিজ্ঞপ্তি